

যুগান্তর

আন্তর্জাতিক মানদণ্ডে দেশসেরা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

👤 গাজীপুর প্রতিনিধি

🕒 ২০ এপ্রিল ২০২১, ২০:২৯:৩২ | [অনলাইন সংস্করণ](#)



আন্তর্জাতিক মানদণ্ডে দেশের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে গবেষণা, উদ্ভাবন ও সামাজিক অবস্থান এই তিন সূচকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরকৃবি) সেরা (প্রথম স্থান) হয়েছে।

সোমবার বিশ্বখ্যাত সিমাগো ইনস্টিটিউট র্যাংকিং ২০২১ এর প্রতিবেদন প্রকাশ করা হয়। এতে বিশ্বের বিভিন্ন দেশের ৪১২৬টি বিশ্ববিদ্যালয় নিয়ে স্পেনের সিমাগো-স্কোপাস জরিপে এ তথ্য উঠে আসে।

ওই জরিপে কৃষি ও জীববিজ্ঞান শাখায় বশেমুরকৃবি সারাবিশ্বে ৪৭২তম, এশিয়া অঞ্চলে ২০৬তম এবং বাংলাদেশে প্রথম স্থান লাভ করেছে। এছাড়া জীব রসায়ন, জেনেটিক্স ও মলিকুলার বায়োলজি শাখায় বশেমুরকৃবি সারাবিশ্বে ৫৪১তম, এশিয়া অঞ্চলে ২৪৭তম এবং বাংলাদেশে প্রথম স্থানে রয়েছে।

উল্লেখ্য, একই ইনডেক্স জরিপে বশেমুরকৃবি গত ২০১৯ এবং ২০২০ সালে বাংলাদেশের

বিশ্বেবিদ্যালয়সমূহের মধ্যে যথাক্রমে চতুর্থ ও দ্বিতীয় স্থানে ছিল।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনা, আন্তর্জাতিকমানের গবেষণা এবং এ স্বীকৃতি অর্জনের সঙ্গে সংশ্লিষ্ট কার্যক্রমে নিরলস প্রচেষ্টার জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. গিয়াসউদ্দীন মিয়া সব শিক্ষক, ছাত্রছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীকে অভিনন্দন জানান।

তিনি বিশ্ববিদ্যালয়ের এই সাফল্য উত্তরোত্তর আরও বৃদ্ধি পাবে বলে আশা প্রকাশ করেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](http://TheDailyJugantor.com) © 2021